গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

# প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল, ২০১৪/ ১১ বৈশাখ, ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৮৪ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **জাতীয় পর্যটন পরিষদ** নিম্নরূপভাবে গঠন করেছেঃ

**(ক) জাতীয় পর্যটন পরিষদের গঠনঃ**

| | | |
|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী | - সভাপতি |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) | মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) | মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) | মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৮) | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | - সদস্য |
| (৯) | প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (১০) | প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (১১) | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য-সচিব |

**(খ) পরিষদের কার্যপরিধিঃ**

(১) পর্যটন উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আঞ্চলিক পরিকল্পনাসমূহের নীতিগত অনুমোদন;
(২) জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে প্রচার ও বিপণনের মাধ্যমে বাংলাদেশের ভাবমূর্তি উন্নীতকরণ;
(৩) গুরুত্বপূর্ণ পর্যটন স্থানসমূহে যাতায়াতের জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ;
(৪) পর্যটন সংক্রান্ত আইন প্রয়োগ এবং অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা ও পদক্ষেপ গ্রহণে নীতিগত সিদ্ধান্ত প্রদান;
(৫) বেসরকারি খাতের জন্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য পদক্ষেপ গ্রহণ; এবং
(৬) পর্যটন উপদেষ্টা কমিটির সুপারিশসমূহের পর্যালোচনা ও প্রয়োজনীয় ক্ষেত্রে অনুমোদন প্রদান।

২। অনধিক প্রতি ছয় মাস অন্তর 'জাতীয় পর্যটন পরিষদ'-এর সভা অনুষ্ঠিত হবে।

৩। এ সভার সিদ্ধান্ত বাধ্যতামূলক হবে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় এসব সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
২৪/৪/২০১৪
(মোঃ নূরুল করিম)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা [ বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়
প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)
কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল ]

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৮৪

১১ বৈশাখ, ১৪২১
তারিখ.........................
২৪ এপ্রিল, ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সিনিয়র সচিব/ সচিব ...............................................................................মন্ত্রণালয়/বিভাগ।

৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য ।

৪। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব,.................................................................মন্ত্রণালয়/বিভাগ। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য।

৫। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। ( প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)

৬। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

২৪।৪।২০১৪

(মোঃ জয়নাল আবেদীন)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫১১০৮১